

# বেরোবিতে শহীদ আবু সাঈদের নামে ৪ স্থাপনার উদ্বোধন

বেরোবি প্রতিনিধি



ছবি : কালের কঞ্চ

প্রথম শাহাদাতবার্ষিকী উপলক্ষে শহীদ আবু সাঈদের নামে বেগম

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে চারটি স্থাপনার ভিত্তিপ্রস্তর উদ্বোধন করা

হয়েছে। বুধবার (১৬ জুলাই) সকাল সাড়ে ১০টার দিকে

ভিত্তিপ্রস্তরগুলো উদ্বোধন করা হয়।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ১ নম্বর গেটে 'শহীদ আবু সাঈদ তোরণ

ও মিউজিয়াম', 'শহীদ আবু সাঈদ স্ট্রিট মেমোরি স্ট্যাম্প' এবং

পার্কের মোড়ে 'শহীদ আবু সাঈদ স্মৃতিপ্রস্তর'-এর ভিত্তিপ্রস্তর

নির্মাণের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের

ওয়েব সাইটে শহীদ আবু সাঈদ কর্ণারের উদ্বোধন করেন আবু

সাঈদের বাবা মো. মকবুল হোসেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অন্তর্বর্তীকালীন সরকারের

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও

বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা প্রফেসর ড. আসিফ

নজরুল, পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু

পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান।

৫



### বিমানবাহিনীর এটিসি টাওয়ার ডিজিটাল সিমুলেটরের উন্মোধন

এ ছাড়া বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরি কমিশনের চেয়ারম্যান

প্রফেসর ড. এস এম এ ফায়েজ, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র

সচিব সিদ্ধিক জোবায়ের এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরি

কমিশনের সদস্য প্রফেসর ড. মোহাম্মদ তানজীমউদ্দিন,

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, শহীদদের পরিবারের সদস্য

এবং বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।